গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধুনট,বগুড়া।
www.dhunat.bogra.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.০৫.০০৪.২৩. ৭৫৪ তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩০ / ২৮ নভেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত এস,আর ও নং ৮৯-আইন/২০১৫ তারিখ: ৪ মে ২০১৫ এবং সংশোধিত প্রজ্ঞাপন এর.আর ও নং ২৩২-আইন/২০১৭, তারিখঃ ৩ জুলাই/২০১৭) অনুযায়ী বগুড়া জেলার ধুনট উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট হতে লিখিত চাহিদাপত্রের ভিত্তিতে মহল্লাদার এর শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্ব-স্ব ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) পুরুষ/ মহিলা নাগরিকদের নিকট থেকে ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শুন্য পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০৯নং মথুরাপুর ইউনিয়ন | মহল্লাদার | ৫ ও ৬ | ০২টি | সরকার কর্তৃক নির্ধারিত সরকারি অংশ+ ইউপি অংশ (৩,২৫০+৩২৫০) = ৬,৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | ০৩নং চিকাশী ইউনিয়ন | মহল্লাদার | ৫ | ০১টি | | | |
| ০৩ | ০৭নং এলাঙ্গী ইউনিয়ন | মহল্লাদার | ৫ | ০১টি | | | |

### নিয়োগের শর্তাবলী ঃ

০১। মহল্লাদার পদে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দ হতে হবে।

০২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজিতে) (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (জন্ম নিবন্ধন সনদ দাখিল করতে হবে) (ছ) জাতীয় পরিচয়পত্রের নম্বর (জ) বয়স (১৩-১২-২০২৩ তারিখে) (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) বৈবাহিক অবস্থা (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ণ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্র স্বহস্তে লিখতে হবে (চাকুরির আবেদন ফরম **www. dhunat.bogra.gov.bd** তে পাওয়া যাবে)।

০৩। মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-**

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, (খ) সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক): ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

**মহিলা প্রার্থীর ক্ষেত্রে-**

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক): ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

CamScanner

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে (ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র, (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি (চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি (ছ) সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দার সনদপত্র (চেয়ারম্যান/ওয়ার্ড সদস্য কর্তৃক প্রদত্ত) (জ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত অনুলিপি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে নামযুক্ত সিল ব্যবহার করতে হবে)।

০৫। যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া এর বরাবর ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক/ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্যান্য ওয়ার্ড থেকে পদ পূরণ করা হবে।

০৭। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ০৫-১২-২০২৩ তারিখে অবশ্যই ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২-০৯-২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক অনুযায়ী)। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৮। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে তার চাকুরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া এর বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সরাসরি অথবা ডাকযোগে) পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১২। আবেদনপত্রে কোন সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১৩। প্রার্থীকে আবেদনের সহিত যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- টাকার ডাক টিকিযুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি অতিরিক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, কোটার নাম উল্লেখ করতে হবে।

১৪। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। কোন প্রকার তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৬। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদার এর পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার
ধুনট, বগুড়া।
টেলিফোন ঃ ০২৫৮৯৯১০১০১
unodhunat@mopa.gov.bd

CamScanner

১২। অধ্যক্ষ, ধুনট
১৩। প্রধান
১৪।

স্মারক নং-০৫.৫০.১০২৭.০০০.০৫.০০৪.২৩. ৭৫৪/১(৬০) তারিখ ঃ অগ্রহায়ণ ১৪৩০ / নভেম্বর ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক,বগুড়া।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার,বগুড়া।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ধুনট,বগুড়া।
০৪। উপজেলা ................................................ অফিসার, ধুনট, বগুড়া।
০৫। অফিসার ইনচার্জ, ধুনট থানা,বগুড়া।
০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, ধুনট,বগুড়া। (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
০৭। চেয়ারম্যান,.................................. ইউনিয়ন পরিষদ (সকল), ধুনট, বগুড়া। (তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং হাট-বাজারে লটকানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
০৮। সচিব,.................................. ইউনিয়ন পরিষদ (সকল), ধুনট, বগুড়া;
০৯। জনাব ............................................. ধুনট, বগুড়া;
১০। নোটিশ বোর্ড/ অফিস কপি।

(মোঃ আশিক খান)
উপজেলা নির্বাহী অফিসার
ধুনট, বগুড়া।
টেলিফোন ঃ ০২৫৮৯৯১০১০১
unodhunat@mopa.gov.bd

CamScanner